

শিক্ষকদের মূল্যবোধ বিকাশে গুরুত্বারোপ শিক্ষামন্ত্রীর

ঢাকা, ২৪ সেপ্টেম্বর

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের সততা, নিষ্ঠা ও মূল্যবোধ আরো বিকশিত করতে হবে। শিক্ষকতাকে মহান পেশা উল্লেখ করে তিনি বলেন, এটা পেশার চেয়েও অধিক কিছু। শিক্ষকরা হচ্ছেন জাতি গঠনের নিয়ামক শক্তি। অনেক শিক্ষককে বিদেশে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর বাংলামেটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরে মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয়করণ কর্মশালায়' প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, অনেক শিক্ষককে বিদেশে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাদের মানউন্নয়নের চেষ্টা অব্যাহত আছে। মধ্য আয়ের দেশ এবং উন্নত বাংলাদেশ গড়তে হলে শিক্ষাদান পদ্ধতি ও শিক্ষকদের মানসিকতা আমূল পরিবর্তন করতে হবে। আমাদের মূল্যবোধ ও মানসিকতার বৈপ্লবিক পরিবর্তন করতে হবে। তিনি বলেন, দেশব্যাপী ২৩ হাজার ৫০০ মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হয়েছে। শিক্ষায় প্রযুক্তির ব্যবহার বাড়ানো হয়েছে। তিনি মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস নেয়া, মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মনিটরিং জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয় ও অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে আরো তৎপর হওয়ার নির্দেশ দেন মন্ত্রী।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষায় আমাদের অনেক উন্নতি হয়েছে। শিক্ষায় ছেলেমেয়েদের মধ্যে সমতা অর্জিত হয়েছে। সকল ছেলেমেয়েকে স্কুলে নিয়ে আসা সম্ভব হয়েছে। সংখ্যাগত দিক থেকে বড় সাফল্য এসেছে। তিনি বলেন, নারী শিক্ষার অগ্রগতিতে বাংলাদেশ রোল মডেল। আমাদের পর্যায়ের কোন দেশ এখনও শিক্ষায় সমতা অর্জন করতে পারেনি। তবে শিক্ষার গুণগত মান বৃদ্ধি এখনও বড় চ্যালেঞ্জ। আজকের যুগের জন্য যে মান প্রয়োজন, এই মান আমরা অর্জন করতে পারিনি। সারা বিশ্বব্যাপী এটা একটি চ্যালেঞ্জ। এজন্য এসডিজি-৪ এ মানসম্মত শিক্ষা অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। অন্তর্ভুক্তিমূলক, সমতাভিত্তিক এবং জীবনব্যাপী শিক্ষার উদ্যোগ নেয়া হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মো. মহিউদ্দিন খান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক ও এটুআই প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং ও ইন্স্যলুয়েশন উইংয়ের পরিচালক ড. মো. সেলিম মিয়া বক্তব্য রাখেন।

পরে শিক্ষামন্ত্রী 'মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং অ্যাপস' উদ্বোধন করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯

